



## জাতীয় নির্বাচনে ৩০০ আসনে মনোনয়ন জমা ২৫ শতাধিক



সংগৃহীত ছবি

জাতীয় সংসদের ৩০০টি আসনে আসন্ন নির্বাচনের জন্য রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থীদের কাছ থেকে ২ হাজার ৫৫৯টি মনোনয়নপত্র জমা পড়েছে। নির্বাচন কমিশন (ইসি) মঙ্গলবার (৩০ ডিসেম্বর) বিষয়টি নিশ্চিত করেছে।

ইসির তথ্য অনুযায়ী, দলীয়ভাবে সবচেয়ে বেশি মনোনয়ন দিয়েছে বিএনপি—মোট ৩৩১টি। তালিকায় এরপর রয়েছে জামায়াতে ইসলামী (২৭৬), ইসলামী আন্দোলন বাংলাদেশ (২৬৮) এবং জাতীয় পার্টি (২২৪)। এ ছাড়া গণঅধিকার পরিষদ থেকে ১০৪টি, বাংলাদেশ খেলাফত মজলিস ৯৪টি, খেলাফত মজলিস ৬৮টি, সিপিবি ৬১টি, এবি পার্টি ৫৩টি, জাতীয় নাগরিক পার্টি ৪৪টি ও বাসদ থেকে ৪১টি মনোনয়ন জমা দেওয়া হয়েছে। সারাদেশে স্বতন্ত্র প্রার্থী হিসেবে জমা পড়েছে আরও ৪৭৮টি মনোনয়ন।

নির্বাচন তফসিল অনুযায়ী, ২৯ ডিসেম্বর ছিল মনোনয়ন জমার শেষ দিন। জমা দেওয়া মনোনয়নপত্রগুলো ৩০ ডিসেম্বর থেকে ৪ জানুয়ারি পর্যন্ত যাচাই-বাছাই করা হবে। পরে ৫-৯ জানুয়ারি প্রার্থিতা বাতিলের বিরুদ্ধে আপিল করা যাবে এবং এসব আপিলের নিষ্পত্তি হবে ১০-১৮ জানুয়ারির মধ্যে।

২০ জানুয়ারি পর্যন্ত প্রার্থীরা মনোনয়ন প্রত্যাহারের সুযোগ পাবেন। পরদিন ২১ জানুয়ারি প্রতীক বরাদ্দ দেওয়া হবে। ২২ জানুয়ারি থেকে শুরু হবে নির্বাচনী প্রচারণা, যা চলবে ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৭টা পর্যন্ত। সবশেষে ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে ভোটগ্রহণ।